

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা সমবায় কার্যালয়  
চাঁদপুর।

আদেশ নং-২৮২

তারিখ : ১৮/০৭/২০২১ খ্রি।


সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৪৩/১ ধারায় অর্পিত ক্ষমতা বলে হাজীগঞ্জ উপজেলার প্রাথমিক সমবায় সমিতি সমূহের ২০২০-২০২১খ্রি. অর্থ বছরের বার্ষিক বিধিবদ্ধ অডিট (বকেয়া সহ যদি থাকে) সংযুক্ত তালিকার পার্শ্ব বর্ণিত কর্মকর্তাদের নামে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হ,ল।

শর্তাবলী

- ১। সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪. অডিট ম্যানুয়েল, পরিপত্র ও দপ্তর আদেশ এবং সমবায় অধিদপ্তরের সার্কুলার নম্বর ৪২ তারিখ- ২৩/০২/১৫খ্রি. অনুযায়ী নিরীক্ষা প্রতিবেদন সুস্পষ্ট মন্তব্য প্রদান করতে হবে।
- ২। অডিট অফিসার সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৩৪ ধারা অনুযায়ী সৃষ্ট তহবিল সমূহ হিসাব বিবরণীতে অন্তর্ভুক্ত করবেন।
- ৩। বরাদ্দকৃত সকল সমবায় সমিতির অডিট আগামী ৩১/৩/২০২২খ্রি. তারিখের মধ্যে অডিট ম্যানুয়েল অনুযায়ী সম্পাদন করতঃ অডিট সম্পাদনের ০৭(সাত) দিনের মধ্যে অডিট প্রতিবেদন সংশ্লিষ্ট স্থানে ও কর্তৃপক্ষ বরাবরে দাখিল করতে হবে।
- ৪। সুষ্ঠু ও যথাসময়ে অডিট সম্পাদনের নিমিত্তে সংশ্লিষ্ট সমবায় সমিতি কর্তৃপক্ষ সমিতির সকল আর্থিক হিসাব বিবরণী, রেকডপত্র ও হাল নাগাদ তথ্যাদি অডিট অফিসারের নিকট সরবরাহ নিশ্চিত করবেন।
- ৫। অডিট প্রতিবেদনে কোনরূপ মিথ্যা তথ্য পরিবেশন করলে সংশ্লিষ্ট অডিট অফিসার দায়ী হবেন।
- ৬। ইতিপূর্বে উপজেলা সমবায় অফিসার কর্তৃক তালিকায় বর্ণিত সমবায় সমিতি সমূহের ২০২০-২০২১খ্রি, সনের অডিট বরাদ্দ আদেশ প্রদান করা হয়ে থাকলে তা এ আদেশ মূলে বাতিল বলে গন্য হবে।

ক্রঃ নং	অডিট অফিসারের নাম ও পদবী	বরাদ্দকৃত সমিতির সংখ্যা
০১	জনাব মুহাম্মদ গোলামুর রহমান, উপজেলা সমবায় অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।	১৩ টি
০২	জনাব মিজানুর রহমান জেলা অডিটর, জেলা সমবায় কার্যালয়, চাঁদপুর।	০২ টি
০৩	জনাব অমল চন্দ্র নন্দী, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, চাঁদপুর।	০২ টি
০৪	জনাব আলগীর হোসেন, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, চাঁদপুর।	০১ টি
	সর্বমোটঃ	১৮ টি

সংযুক্ত : সমিতির তালিকা - ০১ (এক) পাতা।


  
(মোঃ ইমরান হোসেন)  
বিসিএস(সমবায়)  
জেলা সমবায় অফিসার (অঃদাঃ)  
চাঁদপুর।

স্মারক নং-২৮২/১(৫)

তারিখ : ১৮/০৭/২১ খ্রি।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ,ল।

- ১। জনাব-----উপজেলা সমবায় অফিসার/জেলা অডিটর/পরিদর্শক/ জেলা সমবায় কার্যালয়,চাঁদপুর/উপজেলা সমবায় কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ২। উপজেলা সমবায় অফিসার হাজীগঞ্জ, চাঁদপুর।
- ৩। অফিস নথি।

  
জেলা সমবায় অফিসার  
চাঁদপুর।